

“জনসাধারণ ও পরিবেশের পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষার লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অবকাঠামো শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় আয়োজিত
Radiation Protection for Nuclear Medicine Practices in Bangladesh বিষয়ক প্রশিক্ষণ কোর্স, ২৪-২৫ মার্চ ২০১৯ এর প্রতিবেদন

বাংলাদেশে সরকারী ও বেসরকারী পর্যায়ে বিভিন্ন প্রতিষ্ঠান যেমন: চিকিৎসা সেবা প্রদানকারী হাসপিটাল, মেডিকেল ডায়াগনস্টিক সেন্টার, চিকিৎসা, শিক্ষা, গবেষণায়, শিল্পক্ষেত্রে প্রভৃতি প্রতিষ্ঠানসমূহে আয়নায়াগকারী বিকিরণ উৎস ব্যবহার করা হয়। বিকিরণ সংশ্লিষ্ট কর্মকান্ড পরিচালনার ক্ষেত্রে বিকিরণ সুরক্ষা বিষয়ে সম্যক জ্ঞানের অভাবে বিকিরণ ঝুিকির সমূহ সম্ভাবনা থেকে যাবে। বেসরকারী পর্যায়ে ব্যবহৃত বিকিরণ উৎস ব্যবহারকারী প্রতিষ্ঠানসমূহের বিকিরণ কর্মীদের প্রশিক্ষণ কার্যক্রম প্রতিনিয়ত পরিচালিত হচ্ছে যেখানে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করেছে। কিন্তু, সরকারী প্রতিষ্ঠানসমূহে কর্মরত বিকিরণ কর্মীগণের এখন পর্যন্ত প্রশিক্ষণের আওতায় আনা সম্ভব হয়নি কারণ প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয় বাপশনিক হতে প্রদান করা না হলে সরকারী প্রতিষ্ঠান-এ কর্মরত ব্যক্তির নিজস্ব অর্থায়নে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারে না। এ জন্য বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের “জনসাধারণ ও পরিবেশের পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষার লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অবকাঠামো শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্পে সরকারী বিভিন্ন বিকিরণ উৎস যেমন, এক্স-রে মেশিন, তেজস্ক্রিয় পদার্থ ব্যবহারকারী প্রতিষ্ঠানে কর্মরতদের বিকিরণ সুরক্ষা বিষয়ে প্রশিক্ষণের প্রস্তাব করা হয়েছে এবং প্রশিক্ষণে লব্ধ জ্ঞান প্রয়োগের মাধ্যমে এসকল প্রতিষ্ঠানের বিকিরণ সুরক্ষা ব্যবস্থা উন্নয়নে সহায়ক হবে।



এই লক্ষ্যে গত ২৪-২৫ মার্চ ২০১৯ ইং তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে উল্লেখিত প্রকল্পের আওতায় **Radiation Protection for Nuclear Medicine Practices in Bangladesh** বিষয়ক প্রশিক্ষণ কোর্স এর আয়োজন করা হয়। কোর্সটি প্রকল্পের আওতায় আয়োজিত প্রথম প্রশিক্ষণ কোর্স। কোর্সটিতে ঢাকা বিভাগ ব্যতিত অন্যান্য বিভাগে অবস্থিত সরকারী নিউক্লীয় মেডিসিন স্থাপনা থেকে প্রশিক্ষণার্থী আহ্বান করা হয়। মোট দশজন প্রশিক্ষণার্থী এ কোর্সে অংশগ্রহণ করেন।